# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

নং-পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৪-২৫/ ২৬৬৭ তারিখ:১৫/০৪/২০২৫ খ্রিঃ

## সাময়িক বরখাস্তের আদেশ

আপনি জনাব মো: নুরুল আমিন (N-245), মাঠ সহকারী, নালিতাবাড়ী শাখা, শেরপুর; মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে অননুমোদিত অনুপস্থিতি, আর্থিক অনিয়ম ও অসদাচরণ এর দায়ে আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫৭(১) বিধি মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রশাসনিক কারণে আপনাকে জেলা (আঞ্চলিক) কার্যালয়, শেরপুর -এ সংযুক্ত করা হলো। আপনাকে সংযুক্ত কর্মস্থলে আগামী ১৬/০৪/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। এ আদেশই আপনার ছাড়পত্র হিসেবে গণ্য হবে।

০৩। আপনি পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫৭(৩) বিধি অনুসারে খোরাকি ভাতা প্রাপ্য হবেন।

০৪। সংশ্লিষ্ট জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যোগদান নিশ্চিত করে যোগদানপত্র প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

অনুমোদনক্রমে,

15/4/25
(এ. বি. এম জাহিদ হোসেন)
মহাব্যবস্থাপক

জনাব মো: নুরুল আমিন (N-245)
মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত )
নালিতাবাড়ী শাখা, শেরপুর

---

নং-পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৪-২৫/ ২৬৬৭ তারিখ:১৫/০৪/২০২৫ খ্রিঃ

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে।

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বিভাগীয় প্রধান, শৃঙ্খলা ও আপীল বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. বিভাগীয় প্রধান, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইসিটি বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, শেরপুর, পল্লী সঞ্চয় ব্যাংক।
৮. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নালিতাবাড়ী শাখা, শেরপুর। (সাময়িক বরখাস্তের আদেশটি ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোড করে জনাব মো: নুরুল আমিন (N-245) এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি মেইলে amanul.haque@pallisanchaybank.gov.bd প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো। মনিটরিং সফটওয়্যারে আপডেট করার জন্য নির্দেশ দেয়া হলো)
৯. অফিস নথি/মহানথি।

১৫/০৪/২০২৫
(মোঃ তরিকুল ইসলাম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭,৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

নং-পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৪-২৫/ ২৬৬৮ — তারিখ: ১৫/০৪/২০২৫ খ্রি.

## কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মো: নুরুল আমিন (N-245), মাঠ সহকারী, নালিতাবাড়ী শাখা, শেরপুর; মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে নিম্নোক্ত অনিয়ম করেনঃ

১. কর্মস্থলে বিগত ০৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. হতে অদ্যাবধি (০৯/০৪/২০২৫ খ্রিঃ) অননুমোদিতভাবে অনুপস্থিত;

২. আপনার দায়িত্বাধীন ৩১৩ জন সদস্যের পাশ বই পাওয়া যায় নাই এবং উক্ত সদস্যের নামে বিতরণকৃত ঋণের বর্তমান স্থিতি এর পরিমাণ ৮৯,৭৫,৮২৪/- (উনানব্বই লক্ষ পঁচাত্তর হাজার আটশত চব্বিশ) টাকা। সদস্যদের ভাষ্য মতে অডিটের কথা বলে তাদের পাশবই মাঠ সহকারী আপনি নিয়ে গেছেন এবং ফেরত না দিয়ে আপনার নিকট গচ্ছিত রেখেছেন;

৩. আপনার আওতাধীন ১২ টি সমিতির ৬১ জন সদস্যের পাশবইতে স্বাক্ষর করে সঞ্চয় বাবদ ১৩,৬০০/- টাকা এবং ঋণের কিস্তি বাবদ ১০,৩৯,২৬০/- টাকা সর্বমোট ১০,৫২,৮৬০/- (দশ লক্ষ বায়ান্ন হাজার আটশত ষাট) টাকা আদায় করে আত্মসাৎ করেন;

৪. আপনার আওতাধীন ১৫ টি সমিতির ১১৪ জন সদস্যের পাশবইতে স্বাক্ষর না করে সঞ্চয় বাবদ ১৩,৬০০/- টাকা ও ঋণের কিস্তি বাবদ ২৬,৪২,৯২১/- টাকা এবং নিশ্চিন্তপুর গ্রামের মুর্শেদা নামে ১ জন ব্যক্তিকে সদস্য করার প্রতিশ্রুতি দিয়ে তার নিকট হতে সঞ্চয় বাবদ ৬,০০০/- টাকাসহ সর্বমোট ২৬,৬২,৫২১/- (ছাব্বিশ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত একুশ) টাকা আদায় করে আত্মসাৎ করেন;

৫. রিকনসাইলকারী কর্মকর্তা-কর্মচারীদের -কে শারীরিকভাবে লাঞ্চিত করার হুমকি প্রদান করেন;

৬. শাখা ব্যবস্থাপক এর সাথে অসদাচরণ করেন এবং অকথ্য ও অশ্লীল ভাষায় গালিগালাজ করেন।

০২। এমতাস্থায়, অননুমোদিত অনুপস্থিতি, আর্থিক অনিয়ম ও অসদাচরণ দায়ে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ মোতাবেক আপনার বিরুদ্ধে কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিলের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। উক্ত সময়ের মধ্যে কোনো লিখিত জবাব না পাওয়া গেলে আপনার বিরুদ্ধে একতরফা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

১৫/০৪/২০২৫
(মোঃ তরিকুল ইসলাম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

জনাব মো: নুরুল আমিন (N-245)
মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত)
নালিতাবাড়ী শাখা, শেরপুর

---

নং-পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৪-২৫/ ২৬৬৮ — তারিখ: ১৫/০৪/২০২৫ খ্রিঃ

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে।

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বিভাগীয় প্রধান, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, আইসিটি বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, শেরপুর, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নালিতাবাড়ী শাখা, শেরপুর। (কারণ দর্শানোর আদেশটি ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোড করে জনাব মো: নুরুল আমিন (N-245) এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি মেইলে amanul.haque@pallisanchaybank.gov.bd প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)
৮. অফিস নথি/মহানথি।

১৫/০৪/২৫
(মোঃ আমানুল হক আসিফ)
প্রিন্সিপাল অফিসার